গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম।
স্থাপিত:১৮৭৪ খ্রিস্টাব্দ

ফোন: ০২৩৩৩৩৬৪৬৯০, ০২৩৩৩৩৬৫৪৮৫, ওয়েবসাইট: mohsincollege.edu.bd, ই-মেইল:mohsincollege_ctg@yahoo.com

# আন্তঃকলেজ সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৫ সংক্রান্ত বিজ্ঞপ্তি

তারিখ: ০৮.০১.২০২৫

মাননীয় শিক্ষা উপদেষ্টার ২৮ নভেম্বর ২০২৪ তারিখের (স্মারক নং-৩৭.০০.০০০০.০৮০.৯৯.০১৩.১৯.২৯৩) পত্রের প্রেক্ষিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে চট্টগ্রাম সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজের স্নাতক (পাস ও সম্মান), স্নাকোত্তর শ্রেণীতে অধ্যয়নরত নিয়মিত ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে আন্তঃকলেজ সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৫ অনুষ্ঠিত হবে। এতে অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থীদেরকে নাম ও প্রয়োজনীয় তথ্যদি নির্দেশনা মোতাবেক আগামী ১৩.০১.২০২৫ তারিখের মধ্যে কলেজ অফিসে জমা দেওয়ার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

সংযুক্তি ঃ ১প্রস্থ।

08/01/2025

(প্রফেসর মোহাম্মদ কামরুল ইসলাম)
অধ্যক্ষ
সরকারি হাজী মুহাম্মদ মহসিন কলেজ, চট্টগ্রাম।

CamScanner

# জাতীয় বিশ্ববিদ্যালয়
## শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর

স্মারক নং- ৩২(০২৮)জাতীঃবিঃ/শাঃশিঃ/সংস্কৃতি ও বিতর্ক/আন্তঃকলেজ/২০২৪/ ১৪৪৯

তারিখ: ২৫ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ / ১০ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

### আন্তঃকলেজ সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৫ সংক্রান্ত বিজ্ঞপ্তি

মাননীয় শিক্ষা উপদেষ্টার ২৮ নভেম্বর ২০২৪ তারিখের (স্মারক নং-৩৭.০০.০০০০.০৮০.৯৯.০১৩.১৯.২৯৩) পত্রের প্রেক্ষিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজের সম্মানিত অধ্যক্ষবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, অধিভুক্ত কলেজসমূহের স্নাতক (পাস ও সম্মান), স্নাতকোত্তর শ্রেণীতে অধ্যয়নরত নিয়মিত ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দেশব্যাপী **আন্তঃকলেজ সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৫** আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। প্রতিযোগিতায় অংশগ্রহণের নিমিত্তে অধিভুক্ত কলেজসমূহের ইভেন্টওয়ারী প্রতিযোগীবৃন্দের কলেজ পরিচয়পত্র ও প্রয়োজনীয় কাগজপত্রসহ সকল তথ্য নিজ নিজ কলেজ অধ্যক্ষ মহোদয়ের মাধ্যমে নিম্নোক্ত ছক অনুযায়ী বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে হার্ডকপি, পরিচালক, শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় ও সফটকপি phy.edu.nu@gmail.com ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

প্রতিযোগিতা অনুষ্ঠানের তারিখ ও ভেন্যু নিম্নে দেয়া হলো।

(ক) ০২/০১/২০২৫ থেকে ১৬/০১/২০২৫ ইভেন্ট অনুযায়ী তালিকা প্রেরণ (উল্লিখিত ই-মেইলে)

(খ) জেলা পর্যায়ে : ১৮/০১/২০২৫ থেকে ৩১/০১/২০২৫

(গ) বিভাগীয় পর্যায়ে : ০৫/০২/২০২৫ থেকে ২০/০২/২০২৫

(ঘ) চূড়ান্ত পর্যায়ে : সময় ও তারিখ পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে।

পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান : পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে।

**প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রতিযোগীদের তালিকা প্রেরণের নমুনা ছক:**

| ক্রমিক নং | প্রতিযোগীর নাম | কলেজের নাম | ইভেন্টের নাম | রেজিস্ট্রেশন নং | জন্ম তারিখ | প্রতিযোগীর ছবি (স্টাম্প সাইজ) | প্রতিযোগীর স্বাক্ষর ও মোবাইল নম্বর |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | | |

**প্রতিযোগিতার ফলাফলের তালিকা প্রেরণের নমুনা ছক:**

| ক্রমিক নং | প্রতিযোগীর নাম | কলেজের নাম | ইভেন্টের নাম | রেজিস্ট্রেশন নং | জন্ম তারিখ | ফলাফল | প্রতিযোগীর ছবি (স্টাম্প সাইজ) | মোবাইল নম্বর |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | | | |

**বি: দ্র: ইভেন্টওয়ারী আলাদা তালিকা প্রস্তুত করতে হবে।**

১. প্রতিযোগিতার ইভেন্টসমূহ নিম্নরূপ:
**(১) দেশাত্মবোধক গান (২) নজরুল গীতি (৩) রবীন্দ্র সংগীত (৪) গণ সংগীত (৫) লোকগীতি (৬) আবৃত্তি (৭) একক বা দ্বৈত অভিনয় (৮) নৃত্য (৯) সৃজনশীল দলীয় নৃত্য এবং (১০) উপস্থিত বক্তৃতা [বিষয়: (ক) জুলাই বিপ্লব ২০২৪ (খ) জবাবদিহিতার বাংলাদেশ (গ) সুশাসনের বাংলাদেশ (ঘ) গণতান্ত্রিক বাংলাদেশ]**

২. বিতর্ক প্রতিযোগিতা: দলীয় বিতর্ক (নির্ধারিত বিষয়ে)

৩. জেলা পর্যায়ে সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক অধিভুক্ত কলেজসমূহ নিজ নিজ ব্যয়ে ও নিজ উদ্যোগে প্রতিযোগিতা আয়োজন করবে। জেলা পর্যায়ে সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী অধিভুক্ত কলেজের ইভেন্টওয়ারী প্রতিযোগিদের মধ্যে ১ম স্থান অধিকারী/দলের নাম প্রতিযোগিতা সমাপ্ত হওয়ার পরপরই নিজ উদ্যোগে ও নিজ ব্যয়ে হার্ডকপি, পরিচালক, শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর প্রেরণ করবেন এবং এর একটি অনুলিপি একইদিনে ডাকযোগে/বাহক মারফত/ phy.edu.nu@gmail.com ই-মেইলের মাধ্যমে প্রেরণ করবেন।

৪. বিভাগীয় পর্যায়ে প্রতিটি অধিভুক্ত কলেজ থেকে ইভেন্টওয়ারী প্রতিযোগিদের ১ম স্থান অধিকারী/দলের নাম প্রতিযোগিতা সমাপ্ত হওয়ার পরপরই ভেন্যু কলেজের অধ্যক্ষ এর একটি হার্ডকপি, পরিচালক, শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর প্রেরণ করবেন এবং এর একটি অনুলিপি একইদিনে ডাকযোগে/বাহক মারফত/ phy.edu.nu@gmail.com ই-মেইলের মাধ্যমে প্রেরণ করবেন।

৫. জেলা ও প্রশাসনিক বিভাগ ভিত্তিক ছাত্র-ছাত্রীদের সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা আয়োজনের সম্ভাব্য ব্যয় নির্বাহে উল্লিখিত ৬৪ টি কলেজ/ভেন্যু এবং ৮ টি বিভাগের ৮ টি কলেজ/ভেন্যুকে সম্ভাব্য ব্যয় নির্বাহে সহযোগিতা দানের জন্য বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে থোক বরাদ্দ অনুযায়ী আর্থিক অনুদান প্রদান করা হবে।

৬. প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে অবশ্যই জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/প্রতিষ্ঠানসমূহের নিয়মিত ছাত্র-ছাত্রী হতে হবে। ১ম বর্ষ ডিগ্রি পাস, অনার্স বা মাস্টার্স/অন্যান্য কোর্সে ভর্তি হয়েও কোনো ছাত্র-ছাত্রী রেজিস্ট্রেশন না পেয়ে থাকলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রী অধ্যক্ষের প্রত্যয়নপত্রের ভিত্তিতে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। তবে প্রাইভেট রেজিস্টেশনধারী অনিয়মিত কোনো ছাত্র-ছাত্রী সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না। একজন প্রতিযোগী সর্বোচ্চ ০২ (দুই) টি ইভেন্টে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

৭. সাংস্কৃতিক প্রতিযোগিতায় ইভেন্টভিত্তিক প্রার্থী নির্বাচনের জন্য সর্বাধিক ৩ টি বিচারক প্যানেল (উদাহরণস্বরূপ নির্ধারিত বিষয়ে উপস্থিত বক্তৃতার জন্য ১ টি, সকল প্রকার সংগীতের জন্য ১ টি, নৃত্যের জন্য ১ টি বিচারক প্যানেল) গঠন করা যেতে পারে। প্রতিটি বিচারক প্যানেলে ০৩ জন সদস্য থাকবেন। কলেজ অধ্যক্ষ বা তার মনোনীত প্রতিনিধি প্রতিটি বিচারক প্যানেলের আহবায়কের দায়িত্ব পালন করবেন। বিভাগীয় পর্যায়ে শিল্পকলা একাডেমি থেকে ০১ জন বিশেষজ্ঞ এবং স্থানীয় পর্যায়ের ০১ জন বিশিষ্ট শিল্পী/সাংস্কৃতিক ব্যক্তিত্ব বিচারক প্যানেলের সদস্য হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন।

৮. বিতর্ক প্রতিযোগিতায় বিজয়ী দল নির্বাচনের জন্য সংশ্লিষ্ট ভেন্যু কলেজের অধ্যক্ষ তাঁর নিজ কলেজের একজনসহ ০৩ (তিন) সদস্যবিশিষ্ট বিচারক প্যানেল নির্ধারণ করবেন, অধ্যক্ষ মহোদয়ের একজন হবেন স্থানীয় পর্যায়ের বিশিষ্ট শিক্ষাবিদ/লেখক/প্রাক্তন বিতার্কিক এবং অপরজনকে ভেন্যু কলেজ ব্যতীত অন্য কলেজের শিক্ষক থেকে মনোয়ন দিতে হবে।

৯. কোনো রাজনৈতিক দলের সাথে সংশ্লিষ্ট সংগীত, অভিনয়, নৃত্য, আবৃত্তি, পংক্তিমালা প্রতিযোগিতায় প্রদর্শন/উপস্থাপন কিংবা অর্ন্তভুক্তি করা যাবে না।

১০. চূড়ান্ত সাংস্কৃতিক প্রতিযোগিতা সরকারি সংগীত কলেজ, আগারগাঁও, ঢাকায় অনুষ্ঠিত হবে।

১১. চূড়ান্ত বিতর্ক প্রতিযোগিতা নটরডেম কলেজ, ঢাকায় অনুষ্ঠিত হবে।

CS CamScanner

১২. বিভাগীয় পর্যায়ে প্রতিটি ইভেন্টে প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী প্রতিযোগী/দলকে পুরস্কার প্রদান করা হবে। তবে প্রত্যেক বিভাগ থেকে প্রতিটি ইভেন্টে শুধুমাত্র প্রথম স্থান অর্জনকারী প্রতিযোগী/দল চূড়ান্ত প্রতিযোগিতায় অংশ নিতে পারবেন। চূড়ান্ত পর্যায়ের প্রতিযোগিতায় প্রতিটি ইভেন্টে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী/দলকে একটি অনুষ্ঠানের মাধ্যমে পুরস্কার ও সনদ বিতরণ করা হবে।

১৩. জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রের পরিচালক স্ব স্ব বিভাগে অনুষ্ঠেয় 'আন্তঃকলেজ সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৫' আয়োজনের কাজে সম্পৃক্ত থাকবেন।

১৪. জেলা পর্যায়ে অনুষ্ঠিত প্রতিযোগিতার ব্যানারের ছবি এবং অনুষ্ঠিত প্রতিটি ইভেন্টের ১ টি করে (3/4 R) ছবি অবশ্যই প্রেরণ করতে হবে।

১৫. **'আন্তঃকলেজ সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৫'** পরিচালনার ক্ষেত্রে কোনো বিষয়ে সমস্যা দেখা দিলে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষগণ অথবা তাঁর মনোনীত প্রতিনিধি জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরিচালক, শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর-এর সাথে যোগাযোগ ও পরামর্শক্রমে সিদ্ধান্ত গ্রহণ করবেন। এক্ষেত্রে কোনো সমস্যা উদ্ভূত হলে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১৬. জাতীয় মাদকবিরোধী কমিটির ৬ষ্ঠ সভার সিদ্ধান্ত মোতাবেক সকল ক্রীড়া এবং সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠানের পূর্বে মাদকবিরোধী শপথ বাক্য অবশ্যই পাঠ করাতে হবে।

১৭. দেশের নিম্নবর্ণিত ৬৪ টি কলেজে জেলা পর্যায়ের **'আন্তঃকলেজ সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৫'** অনুষ্ঠিত হবে।

| ক্রমিক নং | বিভাগের নাম | জেলার নাম | যেসব কলেজে জেলা পর্যায়ের ভেন্যু হিসেবে সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে |
|---|---|---|---|
| ১. | ঢাকা বিভাগ | ঢাকা | ঢাকা কমার্স কলেজ |
| ২. | | গাজীপুর | ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ |
| ৩. | | নরসিংদী | নরসিংদী সরকারি কলেজ |
| ৪. | | মুন্সীগঞ্জ | সরকারি হরগঙ্গা কলেজ |
| ৫. | | মানিকগঞ্জ | সরকারি দেবেন্দ্র কলেজ |
| ৬. | | নারায়ণগঞ্জ | সরকারি তোলারাম কলেজ |
| ৭. | | ফরিদপুর | সরকারি রাজেন্দ্র কলেজ |
| ৮. | | গোপালগঞ্জ | শেখ ফজিলাতুন্নেসা সরকারি মহিলা কলেজ |
| ৯. | | রাজবাড়ী | রাজবাড়ী সরকারি কলেজ |
| ১০. | | মাদারীপুর | কালকিনি সৈয়দ আবুল হোসেন কলেজ |
| ১১. | | শরীয়তপুর | শামসুর রহমান সরকারি কলেজ |
| ১২. | | কিশোরগঞ্জ | গুরুদয়াল সরকারি কলেজ |
| ১৩. | | টাঙ্গাইল | সরকারি সা'দত কলেজ |
| ১৪. | ময়মনসিংহ বিভাগ | ময়মনসিংহ | আনন্দ মোহন কলেজ |
| ১৫. | | নেত্রকোণা | নেত্রকোণা সরকারি কলেজ |
| ১৬. | | শেরপুর | শেরপুর সরকারি কলেজ |
| ১৭. | | জামালপুর | সরকারি আশেক মাহমুদ কলেজ |
| ১৮. | বরিশাল বিভাগ | বরিশাল | সরকারি ব্রজমোহন কলেজ |
| ১৯. | | পিরোজপুর | সরকারি সোহরাওয়ার্দী কলেজ |
| ২০. | | বরগুনা | বরগুনা সরকার কলেজ |
| ২১. | | ঝালকাঠি | ঝালকাঠি সরকারি কলেজ |
| ২২. | | পটুয়াখালী | পটুয়াখালী সরকারি কলেজ |
| ২৩. | | ভোলা | ভোলা সরকারি কলেজ |
| ২৪. | রংপুর বিভাগ | পঞ্চগড় | দেবীগঞ্জ সরকারি ডিগ্রি কলেজ |
| ২৫. | | ঠাকুরগাঁও | ঠাকুরগাঁও সরকারি কলেজ |
| ২৬. | | দিনাজপুর | কে বি এম কলেজ |
| ২৭. | | কুড়িগ্রাম | কুড়িগ্রাম সরকারি কলেজ |
| ২৮. | | লালমনিরহাট | লালমনিরহাট সরকারি কলেজ |
| ২৯. | | নীলফামারী | নীলফামারী সরকারি কলেজ |
| ৩০. | | রংপুর | মাহিগঞ্জ কলেজ, মাহিগঞ্জ |
| ৩১. | | গাইবান্ধা | গাইবান্ধা সরকারি কলেজ |
| ৩২. | রাজশাহী বিভাগ | বগুড়া | সরকারি আজিজুল হক কলেজ |
| ৩৩. | | জয়পুরহাট | জয়পুরহাট সরকারি কলেজ |
| ৩৪. | | পাবনা | সরকারি এডওয়ার্ড কলেজ |
| ৩৫. | | সিরাজগঞ্জ | সিরাজগঞ্জ সরকারি কলেজ |
| ৩৬. | | রাজশাহী | রাজশাহী সরকারি কলেজ |
| ৩৭. | | চাঁপাইনবাবগঞ্জ | নবাবগঞ্জ সরকারি কলেজ |
| ৩৮. | | নওগাঁ | নওগাঁ সরকারি কলেজ |
| ৩৯. | | নাটোর | নবাব সিরাজ উদ্ দৌলা (এনএস) সরকার কলেজ |
| ৪০. | খুলনা বিভাগ | কুষ্টিয়া | কুষ্টিয়া সরকারি কলেজ |
| ৪১. | | মেহেরপুর | মেহেরপুর সরকারি কলেজ |
| ৪২. | | চুয়াডাঙ্গা | চুয়াডাঙ্গা সরকারি কলেজ |
| ৪৩. | | যশোর | সরকারি মাইকেল মধুসূদন কলেজ |
| ৪৪. | | নড়াইল | নড়াইল সরকারি ভিক্টোরিয়া কলেজ |
| ৪৫. | | ঝিনাইদহ | কেশব চন্দ্র (কেসি) সরকারি কলেজ |
| ৪৬. | | মাগুরা | সরকারি হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজ |
| ৪৭. | | সাতক্ষীরা | সাতক্ষীরা সরকারি কলেজ |
| ৪৮. | | খুলনা | সরকারি মহিলা কলেজ, খুলনা |
| ৪৯. | | বাগেরহাট | সরকারি প্রফুল্ল চন্দ্র (পিসি) কলেজ |

CamScanner

| ক্রমিক নং | বিভাগের নাম | জেলার নাম | যেসব কলেজে জেলা পর্যায়ের ভেন্যু হিসেবে সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে |
|---|---|---|---|
| ৫০. | চট্টগ্রাম বিভাগ | কক্সবাজার | কক্সবাজার সরকারি কলেজ |
| ৫১. | | বান্দরবান | বান্দরবান সরকারি কলেজ |
| ৫২. | | রাঙ্গামাটি | রাঙ্গামাটি সরকারি কলেজ |
| ৫৩. | | চট্টগ্রাম | চট্টগ্রাম সরকারি কলেজ |
| ৫৪. | | খাগড়াছড়ি | খাগড়াছড়ি সরকারি কলেজ |
| ৫৫. | | ফেনী | আলহাজ আবদুল হক চৌধুরী কলেজ |
| ৫৬. | | নোয়াখালী | নোয়াখালী সরকারি কলেজ |
| ৫৭. | | লক্ষীপুর | লক্ষীপুর সরকারি কলেজ |
| ৫৮. | | চাঁদপুর | চাঁদপুর সরকারি কলেজ |
| ৫৯. | | কুমিল্লা | কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ |
| ৬০. | | ব্রাহ্মণবাড়ীয়া | ব্রাহ্মণবাড়ীয়া সরকারি কলেজ |
| ৬১. | সিলেট বিভাগ | হবিগঞ্জ | বৃন্দাবন সরকারি কলেজ |
| ৬২. | | মৌলভীবাজার | মৌলভীবাজার সরকারি কলেজ |
| ৬৩. | | সিলেট | মুরারিচাঁদ কলেজ |
| ৬৪. | | সুনামগঞ্জ | সুনামগঞ্জ সরকারি কলেজ |

১৮. নিম্নবর্ণিত ৮টি কলেজে ভেন্যু হিসেবে বিভাগীয় পর্যায়ের **'আন্তঃকলেজ সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৫'** অনুষ্ঠিত হবে।

| | বিভাগীয় পর্যায়ের সংস্কৃতি ও বিতর্ক প্রতিযোগিতার ভেন্যু |
|---|---|
| ক. | **ঢাকা বিভাগ-** তেজগাঁও কলেজ, ঢাকা |
| খ. | **চট্টগ্রাম বিভাগ-** চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক কলেজ, চট্টগ্রাম |
| গ. | **রাজশাহী বিভাগ-** রাজশাহী সরকারি মহিলা কলেজ, রাজশাহী |
| ঘ. | **খুলনা বিভাগ-** সরকারি মহিলা কলেজ, খুলনা |
| ঙ. | **সিলেট বিভাগ-** সরকারি মুরারি চাঁদ কলেজ, সিলেট |
| চ. | **বরিশাল বিভাগ-** সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশাল |
| ছ. | **রংপুর বিভাগ-** কারমাইকেল কলেজ, রংপুর |
| জ. | **ময়মনসিংহ বিভাগ-** মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ, ময়মনসিংহ |

১৯. জেলা ও বিভাগীয় পর্যায়ে আর্থিক অনুদান গ্রহণের নিমিত্তে ভেন্যু কলেজসমূহের ব্যাংক হিসাবের বিস্তারিত তথ্য নিম্নোক্ত ফরমেটে প্রেরণ করবেন।

| College Name | Bank Name (In English) | Online Full Bank Account Number (In English) | Account Name (College Account) | Branch Name (In English) | Branch Code (In English) | Routing Number (In English) |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

উল্লিখিত নীতিমালা ও নির্ধারিত সময়সূচী অনুযায়ী **'আন্তঃকলেজ সাংস্কৃতিক ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৫'** সুষ্ঠু ও যথাযথভাবে আয়োজন করার জন্য আপনাদের সর্বাত্মক সহযোগিতা একান্ত কাম্য।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে

(মোহাম্মদ শফিউল করিম)
পরিচালক (ভারপ্রাপ্ত)
শারীরিক শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ফোন : ০২৯৯৬৬৯১৫৫৪
মোবাইল : ০১৩১৩৭৫৩৩০৬
ই-মেইল : phy.edu.nu@gmail.com

CamScanner